

আজ প্রথম মেধা তালিকায় ভর্তির শেষ দিন একাদশ শ্রেণিতে ভর্তি

■ ইন্ডেফাক রিপোর্ট

প্রথম মেধা তালিকা থেকে ভর্তির শেষ দিন আজ। বৃহস্পতিবার ভর্তির শেষ দিন থাকলেও শিক্ষার্থীদের নানা জোগাড়ের কথা মাথায় রেখে এ সিদ্ধান্ত নিয়েছে আন্তর্জাতিক বোর্ড সমন্বয় উপকমিটি। তাই কলেজ কর্তৃপক্ষ চাইলে আজও তাদের ভর্তি প্রক্রিয়া চালাতে পারবে। এর পাশাপাশি প্রথম দফায় কোনো কলেজের শিক্ষার্থীদের ভর্তির সংখ্যা ও খালি আসনের সংখ্যা আনুমানিক মধ্যমই শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে অনলাইনে নিশ্চিত করতে হবে।

প্রথম দফায় ভর্তির জন্য ১০ লাখ ৯৩ হাজার ৩৭৪ শিক্ষার্থী মনোনীত হয়েছেন। আগামী ৬ জুলাই দ্বিতীয় মেধা তালিকা প্রকাশ করা হবে।

শিক্ষাবোর্ড থেকে জানানো হয়েছে, যেসকল নির্বাচিত শিক্ষার্থী পছন্দের উর্ধ্বক্রমে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন (মাইগ্রেশন) করতে ইচ্ছুক তাদেরও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে। ভর্তি হওয়ার পর আজকের মধ্যেই তাদের অনলাইনে নিজ নিজ Application ID ও Password ব্যবহার করে শিক্ষার্থী নিজেই শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের পছন্দের উর্ধ্বক্রমের জন্য সম্মতি প্রদান করবেন।

প্রথম মেধা তালিকা শেষ হওয়ার পর যেসমস্ত শিক্ষার্থী এখনো কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত হয়নি তাদের ফলাফল এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের খালি আসনের ভিত্তিতে দ্বিতীয় মেধা তালিকা প্রকাশ করা হবে ৬ জুলাই। ১ম মেধা তালিকা শেষ হওয়ার পৃষ্ঠা ২ কলাম ২

আজ প্রথম মেধা

২০ পৃষ্ঠার পর পর যেসমস্ত শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন (মাইগ্রেশন) এর অপশন প্রদান করেছে তাদেরও ফলাফল এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের খালি আসনের ভিত্তিতে ২য় মেধা তালিকায় বিবেচনা করা হবে।

২য় মেধা তালিকা এবং মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির তারিখ ৭ ও ৮ জুলাই। ২য় মেধা তালিকা এবং মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি শেষ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠানের (গ্রুপ, শিফট এবং ডার্সনভিত্তিক) শূন্য আসনের তালিকা অনলাইনে পাওয়া যাবে। ১ম ও ২য় মেধা তালিকার যেসব শিক্ষার্থী নির্বাচিত হয়েও কোন শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হয়নি বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত হয়নি, তাদের রিজার্ভ স্লিপধারী হিসেবে গণ্য করা হবে। এসব শিক্ষার্থী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের খালি আসনের বিপরীতে অনলাইনে সর্বোচ্চ ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের অপশন দিয়ে ৯ জুলাই থেকে ১০ জুলাইয়ের মধ্যে আবেদন করবে। এক্ষেত্রে কোন আবেদন ফি প্রদান করতে হবে না।

রিজার্ভ স্লিপধারী প্রার্থীদের আবেদনের ফল প্রকাশ করা হবে ১১ জুলাই। রিজার্ভ স্লিপধারী প্রার্থীদের ১২ জুলাই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে। নতুন আবেদনকারী যেসব শিক্ষার্থী পূর্বে অনলাইন বা এসএমএস এর মাধ্যমে আবেদন করেনি, সেসব শিক্ষার্থী অনলাইনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য আসন দেখে ১৩ জুলাই থেকে ২১ জুলাইয়ের মধ্যে অনলাইনে সর্বোচ্চ ৫টি এবং এসএমএস এর মাধ্যমে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের পছন্দক্রম দিয়ে আবেদন ফি প্রদানপূর্বক আবেদন করতে পারবে।

নতুন আবেদনকারীদের ফলাফল ২৩ জুলাই তারিখে প্রকাশ করা হবে। নতুন আবেদনকারীদের ভর্তির তারিখ ২৫ ও ২৬ জুলাই।